

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Providing Internet service for plant operation under SKWP কাজটির প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্টের Network Communication, CCTV Network এবং সমগ্র অফিসিয়াল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হয়। আলোচ্য প্লান্টের Internet সংযোগ ঢাকা ওয়াসার MIS বিভাগের মাধ্যমে প্রদান করা হয়েছিল। কিন্তু গত ০১/০৭/২০২৫ ইং থেকে উক্ত সংযোগটি বিচ্ছিন্ন রয়েছে। ঢাকা ওয়াসার MIS বিভাগের সাথে যোগাযোগ করে যানা যায় যে আলোচ্য প্লান্টের ইন্টারনেট সরবরাহের জন্য ইন্টারনেট সার্ভিস প্রভাইডারের সাথে চুক্তি শেষ হয়ে গিয়েছে। চুক্তি নবায়ন করা হলে পুনঃরায় ইন্টারনেট সেবা প্রদান করা হবে। সেপ্রেস্কিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ঢাকা ওয়াসার MIS বিভাগ হতে পুনঃরায় ইন্টারনেট সংযোগ চালু হওয়ার আগ পর্যন্ত অস্থায়ী ভিত্তিতে লোকাল ইন্টারনেট সার্ভিস প্রভাইডার থেকে একটি ৫০ এমবিপিএস ইন্টারনেট সংযোগ নিয়ে SCADA Network Communication, CCTV Network এবং সমগ্র অফিসিয়াল কার্যক্রম অনলাইনে চালু রাখা হয়েছে। উক্ত ৫০ এমবিপিএস ইন্টারনেট সংযোগের জন্য সংযোগ চার্জ এককালীন টাঃ ৩০০০.০০ (তিন হাজার), প্রতিমাসের ৫০ এমবিপিএস বিল বাবদ টাঃ ৫০০০.০০ (পাঁচ হাজার) প্রদান করতে হবে।

২। সেপ্রেস্কিতে গত জুলাই ০১/০৭/২০২৫ ইং থেকে আগামী ৩০/১০/২০২৫ ইং পর্যন্ত ইন্টারনেট সংযোগ চালু রাখার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ২৩,০০০/- (টাকা তেইশ হাজার) মাত্র (সংযুক্তিঃ ০৩)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনগার (ও এন্ড এম) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও ২.০ এর বর্ণনানুযায়ী ৫০ এমবিপিএস ইন্টারনেট সংযোগের জন্য আলোচ্য Providing Internet service for plant operation under SKWP কাজের আওতায় সর্বমোট টাঃ ২৩,০০০/- (টাকা তেইশ হাজার) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৩) অনুমোদনসহ কাজটি PPA-2006 এবং PPR-2008 এর বিধিমালা ৮১ এর (১) ধারা মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৭.০৮
২০২৫
মোঃ আবুল কালাম আজাদ
ই.সফটওয়্যার প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

১৭.০৮
২০২৫
জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

১৭.০৮
২০২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

SE, WSP-e

১৭.০৮.২০২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনগার সার্কেল
ঢাকা ওয়াসা।

০৮/০৮/২০২৫

২৪/০৮
২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম বরাদ্দার
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।